

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৮৩

আগরতলা, ২০ জুন, ২০২৪

আন্তর্জাতিক যোগা দিবস উপলক্ষে আগরতলায় র্যালি



আগামীকাল আন্তর্জাতিক যোগা দিবস উপলক্ষে আজ আগরতলায় এক র্যালি অনুষ্ঠিত হয়। সকালে আগরতলার মেলারমাঠ সংলগ্ন এগিয়ে চলো সংঘ থেকে এই র্যালি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে পুনরায় এগিয়ে চলো সংঘের সামনে এসে সমাপ্ত হয়। র্যালিতে অংশ নেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, স্বাস্থ্য অধিকারের অধিকর্তা ডা. সঞ্জীব দেববর্মা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অধিকারের অধিকর্তা ডা. অঞ্জন দাস, জাতীয় স্বাস্থ্য মিশনের ত্রিপুরা শাখার অধিকর্তা রাজীব দত্ত, মিশনের যুগ্ম অধিকর্তা বিনয়ভূষণ দাস সহ অন্যান্য আধিকারিকগণ। উল্লেখ্য, এবছরের আন্তর্জাতিক যোগা দিবসের থিম হচ্ছে ‘নিজের ও সমাজের জন্য যোগা’। র্যালির সমাপ্তি অনুষ্ঠানে অতিথিগণ যোগার গুরুত্ব ও উপকারিতা নিয়ে আলোচনা করেন। রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সোসাইটির সদস্য সচিব এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*